তারিখ 31 JUL 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# কাজী মোতাহার হোসেন পদক ও বৃত্তি পেলেন ঢাবির ৬ কৃতী শিক্ষার্থী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

বিএস সম্মান এবং এমএস পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইন্সটিটিউটের ৬ জন মেধাবী শিক্ষার্থীকে কাজী মোতাহার হোসেন পদক ও বৃত্তি প্রদান করা হয়েছে। এছাড়া সমকালীন প্রেক্ষাপটে কাজী মোতাহার হোসেন রচনা প্রতিযোগিতায় ৩ জন শিক্ষার্থীকে কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন পুরস্কার প্রদান করা হয়।

রোববার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে এক অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের হাতে পদক ও পুরস্কার তুলে দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অধ্যাপক কাজী মোতাহার হোসেনের ১২০তম জন্মবার্ষিকী উপলক্ষে কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন, পরিসংখ্যান বিভাগ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইন্সটিটিউট যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে।

কাজী মোতাহার হোসেন বৃত্তি, সনদ ও বই পেয়েছেন— পরিসংখ্যান বিভাগের ৪র্থ বর্ষ বিএস (সম্মান) পরীক্ষায় প্রথমস্থান অধিকারী তাসমিয়া সাদ সুতপা, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইন্সটিটিউটের ৪র্থ বর্ষ বিএস (সম্মান) পরীক্ষায় যুগ্মভাবে প্রথম মো. মাইনুল ইসলাম ও রওনাক জাহান তামান্না, কাজী মোতাহার হোসেন পদক পেয়েছেন পরিসংখ্যান বিভাগের এমএস ফাইনাল পরীক্ষায় প্রথম স্থান অধিকারী মো. রেজোয়ান হক, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইন্সটিটিউটের এমএস পরীক্ষায় যুগ্মভাবে প্রথম অভিজিত চন্দ্র অধিকারী ও নাসরিন লিপি।

রচনা প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন— পরিসংখ্যান বিভাগের আজমির হোসেন, আওয়াল ইসলাম এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইন্সটিটিউটের আওয়ান আফিয়াজ। কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক সন্‌জীদা খাতুন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এস.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতির জন্য
স্বাক্ষর